



## উচ্চ মাধ্যমিক শ্রেণীর আইসিটি বিষয় নিয়ে আলোচনা

প্রকাশ কুমার দাস

বিভাগীয় প্রধান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা

একাদশ-দ্বাদশ শ্রেণীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের  
চতুর্থ অধ্যায় : ওয়েব ডিজাইন পরিচিতি ও এইচটিএমএল  
থেকে সৃজনশীল দুইটি প্রশ্নোত্তর নিয়ে আলোচনা করা হলো।

০১. নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং  
প্রশ্নগুলোর উত্তর দাও।

```
<html>
<body bgcolor="yellow">
<font size = "22" color="red"
face="Arial">
Department of Information and
Communication Technology (ICT)</p>
</font>
</body>
</html>
```

ক. ওয়েবসাইট কী?

খ. ওয়েবসাইটে কি ধরনের কাঠামো ব্যবহার  
হয়ে থাকে?

গ. উদ্দীপকের আলোকে ফন্ট সাইজ ৩৬  
এবং ফন্ট Arial Bold এবং Underline করে  
লেখাটি ফুটিয়ে তোল।

ঘ. উদ্দীপকটি বিশ্লেষণ কর।

১নং প্রশ্নের উত্তর : (ক)

কোনো ওয়েব সার্ভারে রাখা ওয়েব পেজ,  
ছবি, অডিও, ভিডিও ও অন্যান্য ডিজিটাল তথ্যের  
সমষ্টিকে ওয়েবসাইট বুঝায়, যা ইন্টারনেট বা  
ল্যানের মাধ্যমে প্রবেশ করা যায়।

১নং প্রশ্নের উত্তর : (খ)

ওয়েবসাইটে ওয়েব লিঙ্ক বা নেটওয়ার্ক  
কাঠামো ব্যবহার হয়। ওয়েবসাইটে প্রতিটি  
পেজের মধ্যে একটি অন্যটির সাথে লিঙ্ক থাকে।  
একটি প্রধান পেজের সাথে যেভাবে অন্য পেজের  
লিঙ্ক থাকে, তেমনি অন্যান্য পেজের সাথে প্রধান  
পেজের লিঙ্ক থাকে।

১নং প্রশ্নের উত্তর : (গ)

HTML কোড :  
<html>  
<body bgcolor="yellow">  
<font size = "32" color="red">  
face="Arial bold">  
<p class = "Underline"> Department of

```
Information and Communication
Technology (ICT)</p>
</font>
</body>
</html>
```

১নং প্রশ্নের উত্তর : (ঘ)

উদ্দীপকটি হলো :

```
<html>
<body bgcolor="yellow">
<font size = "22" color="red"
face="Arial">
Department of Information and
Communication Technology (ICT)</p>
</font>
</body>
</html>
```

এখানে <body bgcolor="yellow">  
লেখাটির ব্যাকগ্রাউন্ড হবে হলুদ।

<font size = "22" color="red">  
face="Arial">

লেখাটির ফন্ট সাইজ হবে ২২, লেখার রং  
হবে লাল এবং face="Arial" দিয়ে বুঝানো হয়  
লেখাটির ফন্ট হবে Arial।

Department of Information and  
Communication Technology (ICT)</p>  
দিয়ে বুঝানো হয় Department of Information  
and Communication Technology (ICT)  
লেখাটি নিচের প্যারা তৈরি হবে।

০২. নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং  
প্রশ্নগুলোর উত্তর দাও।

```
<html>
<body>
<p> The Monthly Computer Jagat </p>
</body>
</html>
```

ক. ওয়েবপেজ কী?

খ. ডোমেইন নেম কেন ব্যবহার করা হয়?  
ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে ব্যবহৃত ট্যাগগুলোর ব্যাখ্যা দাও।

ঘ. উদ্দীপকের মূল লেখাটিকে Bold এবং  
Italic করে পেজের মাঝখানে কীভাবে উপস্থাপন  
করা যায়? বিশ্লেষণ কর।

২নং প্রশ্নের উত্তর : (ক)

HTML নামের মার্কআপ ল্যাঙ্গুয়েজের ওপর ভিত্তি  
করে তৈরি করা ডকুমেন্টগুলোই ওয়েব পেজ।

২নং প্রশ্নের উত্তর : (খ)

আইপি অ্যাড্রেসকে সহজে ব্যবহার করার জন্য  
ইংরেজি অক্ষরের কোনো একটি নাম ব্যবহার করা  
হয়। ক্যারেক্টার ফর্মে দেয়া কমপিউটারে এরূপ  
নামই ডোমেইন নেম। প্রত্যেকটি ডোমেইন  
নেমকে ডিএনএসের মাধ্যমে রেজিস্টার্ড বা  
নিবন্ধিত করতে হয়, যা একটি স্বতন্ত্র বা ইউনিক  
আইপি অ্যাড্রেস সংবলিত ডোমেইন নেম চিহ্নিত  
করে। অর্থাৎ ওয়েবসাইটে স্বতন্ত্র ঠিকানা তৈরির  
জন্য ডোমেইন নেম ব্যবহার হয়।

২নং প্রশ্নের উত্তর : (গ)

উদ্দীপকের ব্যবহৃত ট্যাগগুলোর ব্যাখ্যা :

<html> এবং </html> : ট্যাগের মাধ্যমে  
ওয়েবপেজের বিষয়বস্তু প্রকাশ করা হয়।

<body> এবং </body> : ট্যাগের মাধ্যমে  
ওয়েবপেজের বিষয়বস্তুকে দৃশ্যমান বা প্রদর্শনের  
উপযোগী করা হয়।

<head> এবং </head> : ট্যাগের মাধ্যমে  
ডকুমেন্টের নাম, টাইপ, প্রভৃতি কিওয়ার্ড নির্ধারণ  
করা হয়। যেমন- <p> The Monthly  
Computer Jagat </p>

২নং প্রশ্নের উত্তর : (ঘ)

উদ্দীপকের মূল লেখাটিকে Bold ও Italic  
করে পেজের মাঝখানে উপস্থাপন করার ট্যাগ  
দেখানো হলো :

```
<html>
<body>
<p align="center"> <b> <i> The
Monthly Computer Jagat </i> </b> </p>
</body>
</html>
```

ফিডব্যাক : [prokashkumar08@yahoo.com](mailto:prokashkumar08@yahoo.com)

**জেনে নিন**

**ফেসবুক ব্যবহারের  
শর্টকাট কি**

- \* Enter নির্বাচিত পোস্ট পুরোটা দেখাবে
- \* P নতুন কিছু পোস্ট করার জন্য
- \* C নির্বাচিত পোস্টে কमेंট করতে
- \* S কোনো কিছু শেয়ার করা যাবে
- \* O নির্বাচিত ছবি বড় করে দেখাবে
- \* Q চ্যাটে কাউকে খুঁজে পেতে